

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

ডিএফআইএম সার্কুলার নং-০২

তারিখ : ১২ জানুয়ারী, ২০১০  
২৯ পৌষ, ১৪১৬

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

তত্ত্বাবধায়ক সরকারের আমলে বন্ধ ও ক্ষতিগ্রস্ত  
শিল্প প্রতিষ্ঠানের ঋণ/লীজ পুনঃতফসিলিকরণ প্রসংগে।

এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, আর্থিক প্রতিষ্ঠানসমূহ হতে ঋণ/লীজ গ্রহণকারী কোন গ্রাহক তত্ত্বাবধায়ক সরকারের সময়কালে জেলে আটক বা পলাতক থাকলে এবং পরবর্তীতে তাদের বিরুদ্ধে কোন অভিযোগ প্রমাণিত না হলে ঐ সকল গ্রাহকের ঋণ/লীজ আবশ্যিকীয় ডাউন পেমেন্ট শিথিল করে গ্রাহক-প্রতিষ্ঠান সম্পর্কের ভিত্তিতে জুন ৩০, ২০১০ তারিখ পর্যন্ত পুনঃতফসিল করা যাবে। তবে উক্ত সুবিধার আওতায় যে সকল গ্রাহকের ঋণ/লীজ পুনঃতফসিল করা হবে তার একটি বিবরণী নিম্নোক্ত ছক মোতাবেক মাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে অত্র বিভাগে দাখিল করতে হবে :-

আবশ্যিকীয় ডাউন পেমেন্ট শিথিলকৃত ঋণ/লীজ পুনঃতফসিলিকরণের বিবরণী- মাস/২০১০

ক্রমিক নং	ঋণ/লীজ নাম	গ্রহীতার	ঋণ/লীজের প্রকৃতি	মঞ্জুরীকৃত ঋণ/লীজের পরিমাণ ও তারিখ	বকেয়া (লক্ষ টাকায়)	পুনঃতফসিলিকৃত ঋণ/লীজের পরিমাণ (লক্ষ টাকায়)	কত তম ঋণ/লীজ পুনঃতফসিল	কতদিন কোথায় জেলে আটক বা পলাতক ছিলেন এবং তার বিরুদ্ধে কী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল তার প্রমাণাদি সংযুক্ত করতে হবে।

ঋণ/লীজ পুনঃতফসিলিকরণের বিষয়ে ইতিপূর্বে জারীকৃত এফআইডি সার্কুলার নং-০২, ডিএফআইএম সার্কুলার নং-০৩ ও ১০ তারিখ যথাক্রমে ০৫/০৩/২০০৭, ২২/০৪/২০০৯ ও ২১/১২/২০০৯ এ বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারানুযায়ী জনস্বার্থে এ নির্দেশ জারি করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(মোঃ মাহুম পাটোয়ারী)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৯৫৬